ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৬০৩
আগরতলা, ২৯ আগস্ট, ২০২৫

**পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সামাজিক ন্যায়বিচার বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে গতকাল জিলা পরিষদের সামাজিক ন্যায়বিচার বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি খুশবু দেববর্মা। সভায় উপস্থিত ছিলেন জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল সহ কমিটির অন্যান্য সদস্য সদস্যাগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের আধিকারিক সভায় জানান, এবছর মানসিক দিব্যাঙ্গজনদের সামাজিক ভাতা ২ হাজার টাকা থেকে বাড়িয়ে ৫ হাজার টাকা করা হয়েছে। অন্তোদ্যয় পরিবারের কেউ মারা গেলে অন্ত্যেষ্টি ক্রিয়াদির জন্য এককালীন আর্থিক সহায়তা ২ হাজার টাকা থেকে বাড়িয়ে ১০ হাজার টাকা করা হয়েছে। দুঃস্থ পরিবারের মেয়ের বিয়ের জন্যও এখন থেকে রাজ্য সরকারের সামাজিক স্কিমে এককালীন ৫০ হাজার টাকা আর্থিক সহায়তা দেওয়া হবে। এছাড়া সমাজ কল্যাণ দপ্তরের উদ্যোগে চলতি বছরে নেশামুক্ত জেলা গঠনের লক্ষ্যে অভিযান চালিয়ে ২৫ জনকে নেশার কবল থেকে উদ্ধার করে তাদের সেলাইয়ের কাজে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং প্রত্যেককে ১টি করে সেলাই মেশিন দেওয়া হয়েছে।

রাজ্য মহিলা কমিশনের প্রতিনিধি সভায় জানান, চলতি বছরে মহিলা কমিশনের উদ্যোগে ১২০ জন দুঃস্থ মহিলাকে সেলাইয়ের কাজের প্রশিক্ষণ দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। গত ২১ আগস্ট থেকে মহিলা কমিশনে এই প্রশিক্ষণের কাজ শুরু হয়েছে। আগামী ২৮ সেপ্টেম্বর পর্যন্ত প্রশিক্ষণ দেওয়ার কাজ চলবে। প্রতি ধাপে ৩০ জনকে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। প্রশিক্ষণ শেষে তাদের প্রত্যেককে মহিলা কমিশনের পক্ষ থেকে ১টি করে সেলাইয়ের মেশিন দেওয়া হবে। সভায় রামকৃষ্ণ মিশনের বিবেকনগর প্রতিনিধিও উপস্থিত ছিলেন।

*****